

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা বিভাগ, কবিরহাট উপজেলায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র ধানশালিক ও ধানসিঁড়ি ইউনিয়নে ১৫ (পনের) জন মহিলা স্বেচ্ছাসেবী মাঠকর্মী নিয়োগ করা হবে।

## যোগ্যতা :

- ১। প্রার্থিনীকে ধানশালিক ও ধানসিঁড়ি ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে ও কর্মস্থলে অবস্থান করতে হবে।
- ২। কমপক্ষে মাধ্যমিক পাশ হতে হবে।
- ৩। বয়স ১৮-৩০ বৎসর। (৩০ জুন, ২০১৫ অনুযায়ী)
- ৪। মাঠকাজে আগ্রহী থাকতে হবে।
- ৫। স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সংক্রান্ত কাজে পূর্ব অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।

## কাজের বিবরণ :

- ১। সংশ্লিষ্ট পরিবার কল্যাণ সহকারী/পরিবার পরিকল্পনা পরিদর্শক কর্তৃক দায়িত্বপ্রাপ্ত এলাকায় বাড়ি বাড়ি পরিদর্শনভিত্তিক সেবা প্রদান ও খাবার বড়ি, কনডম সহ বিবিধ প্রজনন স্বাস্থ্যসেবা সামগ্রী বিতরণ।
- ২। নব বিবাহিত দম্পতি, গর্ভবতীদের তালিকা সংগ্রহ, হালনাগাদ ও গর্ভকালীন সেবার জন্য রেফার করা।
- ৩। স্যাটেলাইট ক্লিনিক-এ অংশগ্রহণ করা ও কর্ম এলাকায় উঠান বৈঠক অনুষ্ঠিত করা।
- ৪। স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতা সংগ্রহের টার্গেট পূরণ করা।
- ৫। উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় হতে অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

## শর্তাবলী :

- ১। ৩০/০৬/২০১৬ ইং পর্যন্ত এই নিয়োগ কার্যকর থাকবে। পরবর্তীতে উর্ধ্বতন কর্তৃপক্ষ নিয়োগ মেয়াদ বর্ধিত করলে তা প্রযোজ্য হবে।
- ২। নিয়োগপ্রাপ্তরা প্রতি কর্মদিবসের জন্য ৩০০/- (তিনশত টাকা মাত্র) হারে ভাতা প্রাপ্য হবেন।
- ৩। শুধুমাত্র কর্মদিবসের জন্য তারা ভাতা পাবেন। শুক্রবার ও অন্যান্য সরকারী ছুটির দিনের জন্য ভাতা প্রাপ্য হবেন না।

স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করতে আগ্রহী প্রার্থীগণকে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বরাবরে স্বহস্তে লিখে অথবা কম্পিউটার-এ টাইপ করে দরখাস্ত করতে হবে। দরখাস্ত উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সুন্দলপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, কালামুন্সি বাজার, কবিরহাট - এ ঠিকানায় পৌঁছাতে হবে। দরখাস্তের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে :

- দুই কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি।
- মাধ্যমিক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
- ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট হতে গৃহীত চারিত্রিক সনদপত্র।
- জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি।
- পূর্ববর্তী কাজের অভিজ্ঞতা সনদপত্র (যদি থাকে)।

দরখাস্ত গ্রহণের তারিখ শুরু ১০/০৭/২০১৫      দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ১৫/০৭/২০১৫

যে কোন তথ্যের জন্য যোগাযোগ করুন :

- ১। জনাব আনিসুর রসুল, উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী, মোবাইল : ০১৭১৭৩৭৮৮১৮ অথবা ০১৮১৬১৭৩১৫৩
- ২। জনাব দীপক চন্দ্র পাল, পরিবার পরিকল্পনা পরিদর্শক, সুন্দলপুর, মোবাইল : ০১৮৪০০৩১০৮৬
- ৩। জনাবা নার্গিস আক্তার, পরিবার কল্যাণ পরিদর্শিকা, সুন্দলপুর, মোবাইল : ০১৮১৬০০৫৬০১